

রোগীদের সম্ভষ্টি নিশ্চিত করতে সকলকে নিজ নিজ দায়িত্ব ও কর্তব্য
সততা, নিষ্ঠা ও দক্ষতার সাথে
সম্পন্ন করার আহ্বান মাননীয় উপাচার্য মহোদয়ের

আজ মঙ্গলবার ৩ এপ্রিল ২০১৮ইং তারিখ, সকাল সাড়ে ৯টায় এ ব্লক অডিটোরিয়ামে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়ার সাথে এ বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তাবৃন্দ ও নার্সিং অফিসারদের এক গুরুত্বপূর্ণ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া রোগীদের সম্ভষ্টি নিশ্চিত করতে ও বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়কে সেন্টার অব এক্সিলেন্স হিসেবে গড়ে তুলতে সবার সহযোগিতা কামনা করে সকলকে নিজ নিজ দায়িত্ব ও কর্তব্য সততা, নিষ্ঠা ও দক্ষতার সাথে সম্পন্ন করার আহ্বান জানান।

মতবিনিময় সভায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. সাহানা আখতার রহমান, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল প্রমুখ বক্তব্য রাখেন। মতবিনিময় সভা পরিচালনা করেন সম্মানিত রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান।

সভায় অন্য বক্তারা বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়কে চিকিৎসা সেবা, চিকিৎসা শিক্ষা ও গবেষণায় এগিয়ে নিতে নিজ নিজ দায়িত্ব ও কর্তব্য সঠিকভাবে পালনের আহ্বান জানান।

